

আলোক বর্তিকা

সংখ্যা ১ ॥ জুলাই-২০ইং



২০২২ সালের ১ ফেব্রুয়ারী থেকে নোয়াখালী জেলার অন্তর্গত ভাসানচর “ স্ট্রানদেইং চাইল্ড প্রটেকশন টু ভাসানচর রোহিঙ্গা ” নামে একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এই কার্যক্রমে আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করছে ইউনিসেফ এবং বাস্তবায়ন করছে কোস্ট ফাউন্ডেশন। ভাসানচর ক্যাম্পের (ক্লাস্টার নং- ৮১-৯৬) এই কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

ইউনিসেফ এর সাথে পরিকল্পনা সভা



ইউনিসেফ, কোস্ট ফাউন্ডেশন ও ব্র্যাক হৌথ পরিকল্পনা সভা। স্থান: আইল্যান্ড মল। তাং ০৪.০৬.২০। ছবি: আব্দুল হান্নান বাপ্পি।

কোস্ট ফাউন্ডেশন শিশু সুরক্ষা নিশ্চিত করনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তারই ধারাবাহিকতায় কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার জেলার রোহিঙ্গা ক্যাম্পে চাইল্ড প্রটেকশন প্রকল্প বাস্তবায়ন করছে। বাংলাদেশ সরকার কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প থেকে প্রায় এক লক্ষ রোহিঙ্গা জনগোষ্ঠিকে পুনর্বাসনের করার জন্য নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার ভাসানচরের আশ্রয়ন-৩ প্রকল্প বাস্তবায়ন করেন। যেখানে বর্তমানে ১২০ টি চারতলা সাইক্লোন শেল্টার ও ১৪৪০টি একতলা হাউজ রয়েছে। মূলত হাউজ গুলোতে বসবাস করেন কক্সবাজার থেকে আসার রোহিঙ্গা জনগোষ্ঠি। বর্তমানে ভাসানচরে প্রায় ত্রিশহাজার রোহিঙ্গা বসবাস করেন। তাদের জীবন যাত্রার মান উন্নয়নে এখানে সরকারি, বেসরকারি, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা কাজ করে যাচ্ছে। যেহেতু ভাসানচর একটি বিচ্ছিন্ন দ্বীপ তাই এখানে প্রতি সেক্টর দায়িত্বে সাথে কাজ করে যাচ্ছে। বিশাল এই জনগোষ্ঠির প্রকল্পকে সফল রাখতে ওয়াশ, এনএফআই, খাদ্য, চিকিৎসা ও শিক্ষার খুবই প্রয়োজন। পাশাপাশি জীবন যাত্রার মান গতিশীল রাখতে প্রয়োজ বিভিন্ন দক্ষতা উন্নয়নের। মানসিক ভাবে বিপর্যস্ত এই সকল মানুষের প্রয়োজন মানসিক উন্নয়নের। কোস্ট ফাউন্ডেশন ২০১৭ সালে মিয়ানমার থেকে নির্পীড়িত হয়ে আসা রোহিঙ্গা জনগোষ্ঠিকে বিভিন্ন ভাবে সহযোগিতা করে আসছে। পাশাপাশি দতাসংস্থ ইউনিসেফ এর অর্থায়নে ক্যাম্পে সুনামের সাথে বাস্তবায়ন করে আসছে শিশু সুরক্ষা প্রকল্প। যেহেতু ভাসানচর একটি পরিকল্পিত আবাসন স্থল তবুও শিশু সুরক্ষার ঝুঁকি থেকে যায়। তাই ইউনিসেফ কোস্ট ফাউন্ডেশনের মাধ্যমে ভাসানচরে শিশু সুরক্ষা নিশ্চিত করনের জন্য ভাসানচর আইল্যান্ড মলে একটি প্লানিং মিটিং করে। সেখানে ইউনিসেফ এর প্রতিনিধি দল, ব্র্যাক ও কোস্টের সহকারী পরিচালক সহ ভাসানচর সহকর্মীরা উপস্থিত ছিলেন। সেখানে বিভিন্ন ধরনের দিক নির্দেশনা মূলক আলোচনা হয়। যা ভবিষ্যতে ভাসানচরে কাজের জন্য সহায়ক ভূমিকা পালন করবে।

অন্যান্য এন্টরদের সাথে সভা



অন্যান্য এন্টরদের সাথে সভা। তাং ০৭.০৬.২০। ছবি: পিন্টু বিশ্বাস

গত ৭ জুন ইউনিসেফ প্রতিনিধি দল কোস্ট ফাউন্ডেশনের সাথে যে সকল ক্লাস্টার গুলোতে কাজ করতে তার একটি সংক্ষিপ্ত ভিজিট করেন। সেখানে কমিউনিটির সাধারণ মানুষের কথা শুনে এবং তাদের সম্পর্কে বর্তমান অবস্থার ধারণা সংগ্রহ করেন। পরবর্তিতে ভাসানচরে যে সকল এন্টর প্রটেকশন নিয়ে কাজ করে তাদের সাথে একটি অভিনন্দন সভার আয়োজন করেন। যেখানে কোস্ট ফাউন্ডেশন যে সকল ক্লাস্টার গুলোতে কাজ করবে তার বর্ণনা তুলে ধরা হয়। পাশাপাশি আলোচনা হয় কোস্ট এখানে গিটি এমপিএসি চালাবে যার আওতায় জিবিবিভি, কেস ম্যানেজম্যান্ট, পিএসএস ও এলএসবি সেশন পরিচালনা করবে। তাছাড়াও এখানে ৮টি ক্লাবের মাধ্যমে উক্ত সেভাগুলো রোহিঙ্গা জনগোষ্ঠির মধ্যে ছড়িয়ে দিবে। সোশ্যাল চেনজ এজেন্ট হিসেবে যুব সমাজকে দক্ষতা বৃদ্ধিতে কাজ করবে। যারা সামাজিক ব্যক্তি মোকাবেলার পাশাপাশি প্রাকৃতিক ও মনুষ্য সৃষ্ট যে কোন দুর্যোগ মোকাবেলায় দক্ষতাতা অর্জন করবে এবং নিজেরা কাজ করবে। উপস্থিত সকল এন্টর তাদের নিজস্ব মতামত ব্যক্ত করেন। এবং একে অপরের সহযোগিতায় অটুট থকার প্রত্যয় ব্যক্ত করেন।

এই নিউজলেটারটি প্রস্তুত করার জন্য এসপিএসি প্রকল্পের সকল সহকর্মীরা তথ্য দিয়ে সহযোগিতা করেছেন। উপরের ছবি ব্যবহারের জন্য মতামত নেওয়া হয়েছে এবং সেগুলো ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহার করা হবে না।

প্রয়োজনে যোগাযোগ করুন:

পিন্টু বিশ্বাস

প্রজেক্ট ম্যানেজার

কোস্ট ফাউন্ডেশন, এসপিএসি প্রকল্প, ৪২নং ক্লাস্টার, ভাসানচর, নোয়াখালী।

মোবাইল নাম্বার: ০১৭১০-০২৮৮০৬